

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা

স্মারক নং-স্থাসবি/উপ-২/এফ-১/২০১০/১৭২৩

তারিখ: ১৪-১০-২০১০ খ্রিঃ।

পরিপত্র

বিষয় : উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকায় "স্বাস্থ্য ও সমাজ কল্যাণ" শীর্ষক খাত সংশোধন প্রসঙ্গে।


সূত্র: এ বিভাগের স্মারক নং-উপ-২/এম-০২/২০১০/১২৫২, তারিখ: ২৮/০৪/২০১০ খ্রিঃ।

উপজেলা নির্বাহী কর্মকর্তাদের তত্ত্বাবধানে গর্ভবতী মা, দীর্ঘ মেয়াদে রক্ত গ্রহণ করতে হয় এমন ব্যক্তি, রাস্তায় গুরুতর দূর্ঘটনায় আহত ব্যক্তিকে জরুরী ভিত্তিতে রক্তদানের জন্য প্রতিটি উপজেলাভিত্তিক রক্ত দাতাদের একটি ডাটাবেজ তৈরী করা জরুরী।

২। বিষয়টি বিবেচনাস্তে উপজেলার জন্য প্রদত্ত উন্নয়ন সহায়তা তহবিলের অর্থ যাতে এ খাতে ব্যয় করা যায় তজ্জন্য উপজেলা উন্নয়ন সহায়তা তহবিল ব্যবহার নির্দেশিকা সংশোধনক্রমে নির্দেশিকার ৬নং ক্রমিকের অনুচ্ছেদ ৩ এর (খ) উপঅনুচ্ছেদটি নিম্নরূপে প্রতিস্থাপিত হলো:

অনুচ্ছেদ	খাত ও উপখাত
৬. উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচির খাতওয়ারী বিভাজন।	৩.(খ) স্বাস্থ্য ও সমাজ কল্যাণঃ "ভার্চুয়াল ব্লাড ব্যাংক" খাতে খরচের পর অবশিষ্ট অর্থ স্বাস্থ্যগত পরিচ্ছন্নতা, পরিবার পরিকল্পনা, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, ইপিআই কর্মসূচি, আর্সেনিক আক্রান্তদের চিকিৎসাসেবা এবং যুবক ও মহিলা কল্যাণসহ সমাজকল্যাণ কর্মকাণ্ড খাতে ব্যবহার করা যাবে।

৩। সংশ্লিষ্ট সকলকে পরিপত্রটি অনুসরণের জন্য অনুরোধ করা হলো।



(মোঃ আকরাম-আল-হোসেন)
উপসচিব(উপজেলা)
ফোনঃ ৭১৬১৪৮৯।

স্মারক নং-স্থাসবি/উপ-২/এফ-১/২০১০/১৭২৩

তারিখ: ১৪-১০-২০১০ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। বিভাগীয় কমিশনার,.....বিভাগ।
- ২। জেলা প্রশাসক,.....জেলা।
- ৩। চেয়ারম্যান,..... উপজেলা পরিষদ,.....জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার,.....উপজেলা,.....জেলা।


(মোঃ আকরাম-আল-হোসেন)
উপসচিব(উপজেলা)